

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পাট অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
৯৯, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dgjute.gov.bd

স্মারক নম্বর-২৪.০১.০০০০.০০৭.৯৯.০০১.২৩-৭৭

তারিখ: ০৮/০৮/২০২৩।

বিষয়: পাট অধিদপ্তরের মাঠ পর্যায়ের সহকারী পরিচালক, পাট উন্নয়ন কর্মকর্তা এবং মুখ্য পরিদর্শক কার্যালয় থেকে পাট সংক্রান্ত সকল তথ্য অনলাইনের মাধ্যমে আপলোডের জন্য (Smart Jute Information software নামে) ০১টি সফটওয়্যার তৈরির লক্ষ্যে কার্যাদেশ প্রদান।

সূত্র: পাট অধিদপ্তর, প্রধান কার্যালয়ের স্মারক নম্বর-২৪.০১.০০০০.০০৭.৯৯.০০১.২৩-৭২ এবং তারিখ: ৩০ জুলাই ২০২৩।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সেবা সহজীকরণের নিমিত্ত পাট অধিদপ্তরের মাঠ পর্যায়ের সহকারী পরিচালক, পাট উন্নয়ন কর্মকর্তা এবং মুখ্য পরিদর্শক কার্যালয় থেকে পাট সংক্রান্ত সকল তথ্য অনলাইনের মাধ্যমে আপলোডের জন্য (Smart Jute Information software নামে) ০১টি সফটওয়্যার তৈরির লক্ষ্যে বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট থেকে সুত্রোক্ত স্মারকের মাধ্যমে কোটেশন/দরপত্র প্রদানের আহ্বান করা হয়। সে প্রেক্ষিতে আগ্রহী বিভিন্ন প্রতিষ্ঠান থেকে উল্লিখিত বিষয়ে কোটেশন/দরপত্র এ দপ্তরের পাওয়া যায়। প্রাপ্ত কোটেশন/দরপত্র যাচাই/পরীক্ষান্তে, আপনার প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত কোটেশন/দরপত্র সর্বনিম্ন এবং Responsive হওয়ায় উহা যথাযথ কর্তৃপক্ষের নিকট গৃহীত হয়েছে।

২। বর্ণিত অবস্থায়, দাখিলকৃত কোটেশন/দরপত্র (স্পেসিফিকেশন মোতাবেক) অনুযায়ী পাট অধিদপ্তরের মাঠ পর্যায়ের উল্লিখিত কার্যালয় থেকে পাট সংক্রান্ত সকল তথ্য অনলাইনের মাধ্যমে আপলোড সংক্রান্ত ০১টি সফটওয়্যার তৈরিপূর্বক নিম্নোক্ত শর্ত সাপেক্ষে এ আদেশ প্রাপ্তির পর ০১ (এক) মাসের মধ্যে সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

শর্তাবলী:

- ক) এ আদেশ প্রাপ্তির পর আপনার প্রতিষ্ঠান কর্তৃক প্রণীত কোটেশন অনুযায়ী পাট সংক্রান্ত সকল তথ্য অনলাইনের মাধ্যমে আপলোড সংক্রান্ত সফটওয়্যার তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- খ) উক্ত সফটওয়্যার এর সকল কার্যক্রম বা অপারেটিং সিস্টেম সংক্রান্ত ০১(এক)টি পরিপূর্ণ ক্যাটালগ এ দপ্তর কে প্রদান করবেন।
- গ) বর্ণিত সফটওয়্যার তৈরির পর সকল কার্যক্রম বা অপারেটিং সিস্টেম সম্পর্কে পাট অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে প্রশিক্ষণ প্রদান করবেন।
- ঘ) বর্ণিত স্পেসিফিকেশন মোতাবেক উল্লিখিত সফটওয়্যার সরবরাহের ১০(দশ) দিনের মধ্যে অপারেটিং সিস্টেমে কোন ত্রুটি পরিলক্ষিত হলে উহা আপনার প্রতিষ্ঠান কর্তৃক সমাধানের ব্যবস্থা করবেন। অন্যথায় বিধি মোতাবেক এ দপ্তর কর্তৃক ব্যবস্থা গ্রহণ করতে পরবে।
- ঙ) উক্ত সফটওয়্যার সম্পূর্ণভাবে কার্যকর করার পর বিল পরিশোধের লক্ষ্যে যথাসময়ে বিল দাখিল করতে হবে;
- চ) দাখিলকৃত বিল হতে বিধিমতে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে; এবং
- ছ) নির্ধারিত সময়ের মধ্যে আপনার প্রতিষ্ঠান কর্তৃক প্রণীত কোটেশন অনুযায়ী বর্ণিত কাজ সম্পন্নে ব্যর্থ হলে এ আদেশ বাতিল বলে গণ্য হবে।

জ) উল্লিখিত শর্তাবলী বিষয়ে সম্মতি রয়েছে মর্মে প্রত্যায়ন পত্র দাখিল করবেন।


০৬/০৮/২০২৬

(সত্যকাম সেন)

(যুগ্মসচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোন: ০২-২২৩৩৮৩৮৪৬।

E-mail: diradmin@dgjute.gov.bd

টেক সল্যুশন ফ্যাক্টরী
১১/২৭/১৫, পুলিশ প্লাজা
পশ্চিম নন্দীপাড়া
খিলগাঁও, ঢাকা-১২১৪।

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ০১। পরিচালক (পাট), পাট অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপপরিচালক (প্রশাসন ও অর্থ/পাট ও পণ্য পরিদর্শন/পরীক্ষণ), পাট অধিদপ্তর, ঢাকা।
- ০৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৪। সহকারী পরিচালক (প্রশাসন/অর্থ ও বাজেট/সাধারণ ও স্টোরস/লাইসেন্স এন্ড এনফোর্সমেন্ট), পাট অধিদপ্তর, ঢাকা।
- ০৫। মনিটরিং এন্ড ইন্ডালোয়েশন অফিসার-২, পাট অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ০৬। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, পাট অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। অর্থ ও বাজেট শাখা, পাট অধিদপ্তর, ঢাকা।
- ০৮। অফিস কপি।